গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
টিএ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

নং- ১৮.০০.০০০০.০১৯.১৮.০১১.২২.৬০

তারিখঃ ২০ চৈত্র ১৪২৮ / ০৩ এপ্রিল ২০২২

পরিপত্র

বিষয়: জেলা ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা কমিটি গঠন।

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) এর ড্রেজড ম্যাটেরিয়াল সুষ্ঠুভাবে ব্যবস্থাপনার উদ্দেশ্যে নিম্নরূপভাবে একটি "জেলা ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা কমিটি" গঠন করা হলোঃ

১। জেলা প্রশাসক	- আহবায়ক
২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	- সদস্য
৩। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	- সদস্য
৪। নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	- সদস্য
৫। জেলা মৎস্য অফিসার	- সদস্য
৬। উপপরিচালক/সহকারী পরিচালক (সংশ্লিষ্ট জেলা কার্যালয়), পরিবেশ অধিদপ্তর	- সদস্য
৭। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার	- সদস্য
৮। নির্বাহী প্রকৌশলী (ড্রেজিং বিভাগ), বিআইডব্লিউটিএ	- সদস্য সচিব

কমিটির কার্যপরিধি (TOR):

ক) কমিটি সরেজমিনে পরিদর্শন করে নদী থেকে ড্রেজার দ্বারা উত্তোলিত ড্রেজড ম্যাটেরিয়াল (বালু/মাটি) স্কুল, কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয় ইত্যাদি শিক্ষা প্রতিষ্ঠান, ঈদগাহ, মসজিদ, মন্দির, গীর্জা, কবরস্থান, শ্মশানঘাট ইত্যাদি ধর্মীয় প্রতিষ্ঠান, রাস্তাঘাট, খেলার মাঠ, সরকারী খাস জমি, পতিত জমি ও অন্যান্য সরকারী/সামাজিক প্রতিষ্ঠানের নীচু জায়গা ভরাট/উন্নয়নের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আবেদন (যদি থাকে) অগ্রাধিকার নির্ধারণপূর্বক প্রতিষ্ঠানের মধ্যে বিনামূল্যে বরাদ্দ প্রদান করবে;

খ) 'ক' এ উল্লিখিত প্রতিষ্ঠানের আবেদন না থাকলে কমিটি বিধি মোতাবেক উত্তোলিত/ স্তুপীকৃত ড্রেজড ম্যাটেরিয়াল (বালু/মাটি) বিক্রয়/নিলামের ব্যবস্থা গ্রহণ করবে এবং এর মাধ্যমে প্রাপ্ত অর্থ বিআইডব্লিউটিএ'র নির্ধারিত কোডে জমা প্রদান নিশ্চিত করবে। এ ক্ষেত্রে প্রতিযোগিতামূলক দর পাওয়ার লক্ষ্যে ড্রেজড ম্যাটেরিয়াল (বালু/মাটি) বিক্রয়ের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি দিতে হবে;

গ) কমিটি সরকারী খাস জমি/পতিত জমি/রিকুইজিশনকৃত জমিতে ড্রেজড ম্যাটেরিয়াল (বালু/মাটি) স্তুপ করে রাখার অনুমতি দিতে পারবে;

ঘ) ড্রেজড ম্যাটেরিয়াল (বালু/মাটি) রাখার জন্য স্থান নির্ধারণে জটিলতা সৃষ্টি হলে সে বিষয়ে কমিটি যথোপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করবে;

ঙ) মাছের প্রজনন যাতে বিঘ্ন না ঘটে সে জন্য কমিটি মাছের প্রজনন সময়ে প্রজনন ক্ষেত্রে ড্রেজিং বন্ধ রাখার ব্যবস্থা গ্রহণ করবে;

চ) ড্রেজিং এর ফলে পরিবেশ, মাছ ও অন্যান্য জলজ প্রাণীর ওপর কোনো বিরূপ প্রভাব এবং নদীর তীর ভাঙ্গনের সংশ্লিষ্টতা আছে কিনা তা পর্যবেক্ষণসহ কমিটি প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে;

ছ) ড্রেজিং এর ফলে নদীর পানির গুণগত মানের পরিবর্তন রোধ, নদীর তীর ভাঙ্গন রোধ এবং নদীর গতিপথ পরিবর্তন রোধে কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। বিভাগীয় কমিশনার (সকল)।
৭। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩, মতিঝিল, ঢাকা।
৮। জেলা প্রশাসক (সকল)।

অনুলিপি (সদয় অবগতির জন্য) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।